



সিলেট সাদাপাথর লুটপাটে দুই শত কোটি টাকার ক্ষতি, তদন্তে দুদক



সংগৃহীত ছবি

সিলেটের সাদাপাথর পর্যটন কেন্দ্রে ভয়াবহ পাথর লুটপাটের ঘটনায় দুর্নীতি দমন কমিশন (দুদক) তদন্ত শুরু করেছে। এক বছরে প্রায় ১ কোটি ৫০ লাখ ঘনফুট পাথর লুট হয়েছে, যার বাজারমূল্য দুই শত কোটি টাকার বেশি। ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার আশ্বাস দিয়েছে দুদক।

সিলেটের সাদাপাথরে ব্যাপক লুটপাটের ঘটনায় বুধবার (১৩ আগস্ট) তদন্তে নেমেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। নয় সদস্যের একটি প্রতিনিধি দল সরাসরি সাদাপাথর পর্যটন কেন্দ্র পরিদর্শন করে এবং স্থানীয়দের সঙ্গে কথা বলে ঘটনাসংশ্লিষ্ট তথ্য ও উপাত্ত সংগ্রহ করে। একইসঙ্গে ঘটনাস্থলে পুলিশ ও প্রশাসনের কর্মকর্তারাও পর্যবেক্ষণ চালান।

দুদকের প্রতিনিধি দল জানায়, এই লুটপাটের বিষয়ে একটি বিস্তারিত তদন্ত প্রতিবেদন তৈরি করা হবে। যাদের বিরুদ্ধে অনিয়মের প্রমাণ পাওয়া যাবে, তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে। পাশাপাশি তারা উল্লেখ করেন, স্থানীয় প্রশাসনের এ বিষয়ে আরও সতর্ক থাকা দরকার ছিল।

পরিবেশকর্মী ও স্থানীয় ব্যবসায়ীদের দাবি, গত এক বছরে প্রায় ১ কোটি ৫০ লাখ ঘনফুট পাথর অবৈধভাবে উত্তোলন করা হয়েছে, যার আনুমানিক বাজারমূল্য দুই শত কোটি টাকারও বেশি। অব্যাহত এই লুটপাটের ফলে সাদাপাথর পর্যটন কেন্দ্র প্রায় মরুভূমিতে পরিণত হয়েছে। উল্লেখ্য, ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকে এই অবৈধ কর্মকাণ্ড বিরামহীনভাবে চলছে।